যুগান্তর

তারিখ 27 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

# কারিগরি বোর্ডে পাসের হার বেড়ে দাঁড়িয়েছে ৭০.৯০ শতাংশ

যুগান্তর রিপোর্ট

আট শিক্ষা বোর্ডের সঙ্গে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০০৯ সালের এসএসসি ভোকেশনাল পরীক্ষার ফলাফলও মঙ্গলবার একযোগে প্রকাশ করা হয়েছে। ঘোষিত ফলাফলে এবারের কারিগরি ও ভোকেশনাল পরীক্ষায় পাসের কারিগরি পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## কারিগরি : বোর্ড

(১ম পৃষ্ঠার পর)

হার ৭০ দশমিক ৯০ ভাগ। গত বছরের তুলনায় এবারের ফলাফল বেশ ভালো। গত বছর পাসের হার ছিল ৬২.৮৮ ভাগ। চলতি বছর ৬৪ জন জিপিএ-৫ পেয়েছে। গত বছর এ সংখ্যা ছিল ৫৭।

চলতি বছর কারিগরি পরীক্ষায় সর্বমোট ৭৫ হাজার ৫৭ পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ৫৩ হাজার ২১৬ জন। কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে ৩৬ হাজার ৬১৮ জন ছাত্র এবং ১৬ হাজার ৫২৬ জন ছাত্রী।

এবার ৬৪ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী ছাড়াও জিপিএ-৪ থেকে ৫ এর নিচে পেয়েছে ১৯ হাজার ৮৪ জন। এদের মধ্যে ১২ হাজার ৬৮৭ জন ছাত্র এবং ৬ হাজার ৩৯৭ জন ছাত্রী। জিপিএ সাড়ে ৩ থেকে ৪ এর নিচে পেয়েছে ২২ হাজার ১৯১ জন। এদের মধ্যে ছাত্র ১৫ হাজার ৩৫০ এবং ছাত্রী ৬ হাজার ৮৪১ জন। জিপিএ-৩ থেকে সাড়ে ৩ এর নিচে পেয়েছে ৯ হাজার ৯০৪ জন। যাদের মধ্যে ছাত্র ৭ হাজার ৩৭ এবং ছাত্রী ২ হাজার ৮৬৭ জন। জিপিএ-২ থেকে ৩ এর নিচে পেয়েছে ১ হাজার ৯৭২ জন। এদের মধ্যে ছাত্র ১ হাজার ৫০১ এবং ছাত্রী ৪৭১ জন। জিপিএ-১ থেকে ২ এর নিচে পেয়েছে মাত্র ১ জন ছাত্র।